দৈনিক
ইত্তেফাক

তারিখ 29 FEB 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# মাদ্রাসা নয়, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ছাত্ররাই জঙ্গিবাদের সঙ্গে জড়িত

---------------স্বরাষ্ট্রমন্ত্রী

■ **লক্ষ্মীপুর প্রতিনিধি**

স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, মাদ্রাসা থেকে জঙ্গিবাদ তৈরি হয় না, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ছাত্ররাই জঙ্গিবাদের সাথে জড়িত। দেশের কওমি, আলিয়া ও ইবতেদায়ী মাদ্রাসাগুলোতে সঠিক ইসলাম শিক্ষা দেয়া হয়। এখান থেকে জঙ্গিবাদ তৈরি হওয়ার প্রশ্নই উঠে না। আনসারুল্লা বাংলা টিম, জেএমবি ও আইএসের নামে যারা সন্ত্রাসী কর্মকাণ্ড, বোমাবাজি, মানুষ হত্যা করে ইসলাম প্রতিষ্ঠিত করতে চায় তাদের উদ্দেশে তিনি বলেন, ইসলাম ধর্মের কোথায় মানুষ হত্যা করে ইসলাম প্রতিষ্ঠা করার কথা বলা হয়েছে। ইসলাম শান্তির ধর্ম উল্লেখ করে তিনি বলেন, বাংলাদেশের মানুষ ধর্মপ্রিয়, তাই বলে এ নয় যে, এ দেশের মানুষ জঙ্গিবাদে বিশ্বাসী।

লক্ষ্মীপুর জেলা কমিউনিটি পুলিশিং সেল ও জেলা ইমাম সমিতির উদ্যোগে জেলা স্টেডিয়াম মাঠে গতকাল রবিবার বিকালে ওয়াজ ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্র মন্ত্রী এসব কথা বলেন।

লক্ষ্মীপুর জেলা প্রশাসক মো. জিল্লুর রহমান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন লক্ষ্মীপুর-৩ আসনের সংসদ সদস্য এ কে এম শাহাজান কামাল, লক্ষ্মীপুর-৪ কমলনগর-রামগতি আসনের সংসদ সদস্য আবদুল্লাহ আল মামুন, চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি মো. শফিকুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম ফারুক পিংকু, স্বরাষ্ট্রমন্ত্রীর সফরসঙ্গী শিল্পপতি আনোয়ার হোসেন খান, ভারপ্রাপ্ত পুলিশ সুপার মো. শরীফুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠান শেষে আনোয়ার খান মেডিক্যাল কলেজ এন্ড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন খান লক্ষ্মীপুর সদর থানা ও রামগঞ্জ থানায় স্বরাষ্ট্রমন্ত্রীর মাধ্যমে ২টি গাড়ি এবং জেলা ইমাম সমিতি ও জেলা কমিউনিটি পুলিশিংকে ১ লক্ষ টাকা করে ২ লক্ষ টাকা অনুদান প্রদান করেন।